গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-৩ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৯.০৬.০০৭.২২-৬২

তারিখঃ ২২ বৈশাখ, ১৪৩১ / ০৫ মে, ২০২৪

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) রেলপথ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত) বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত) বিষয়ে **মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়**-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

(মোঃ জিল্লুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৩৪৩২
pln3@mor.gov.bd

বিতরণ (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [দৃ.আ. পরিচালক-৫]
২. সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ.আ.যুগ্ম-প্রধান, ভৌত অনুবিভাগ]
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ.আ: যুগ্মসচিব, বাজেট -৫]
৪. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা [দৃ.আ. অতিরিক্ত সচিব, আন্তর্জাতিক অর্থনীতি অনুবিভাগ]
৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা
৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা [দৃ.আ.মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২]
৭. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ.আ. যুগ্মপ্রধান, রেল পরিবহণ উইং]
৮. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. অতিরিক্ত সচিব (সকল) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১০. অতিরিক্ত মহাপরিচালক (সকল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১১. যুগ্মসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৩. মহাব্যবস্থাপক/পশ্চিম, রাজশাহী ও মহাব্যবস্থাপক/পূর্ব, চট্টগ্রাম, বাংলাদেশ রেলওয়ে
১৪. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৬. উপসচিব (পরিকল্পনা-১, উন্নয়ন-১/২/৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৭. অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা
১৮. প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে
১৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা [কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
২০. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২১. অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-৩ শাখা।
www.mor.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত) বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০২.০৪.২০২৪ (সকাল ১১:৩০ টায়) |
| স্থান | : | রেল ভবনস্থ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৮২৫, ৮ম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-'ক'**তে সংযুক্ত।

## ২.০ উপস্থাপনা

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে রেলপথ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন ৩২ (বিনিয়োগ-২৮টি, কারিগরি-৪টি) টি প্রকল্পের ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত ভৌত ও আর্থিক অগ্রগতি এবং প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতা তুলে ধরার জন্য অতিরিক্ত সচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়-কে অনুরোধ জানান।

**২.১** অতিরিক্ত সচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় এজেন্ডা অনুযায়ী উপস্থাপনার শুরুতে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে রেলপথ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন ৩২ (বত্রিশ)টি প্রকল্পের সার্বিক অগ্রগতি নিম্নরূপে তুলে ধরেনঃ

(কোটি টাকা)

| বিবরণ | আরএডিপি বরাদ্দ | ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতির শতকরা হার | ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত জাতীয় অগ্রগতির শতকরা হার |
|---|---|---|---|---|
| জিওবি | ৩৬২৫.৪১ | ২২৯৯০.৩০ | | - |
| প্রকল্প ঋণ | ৯৪৯২.২১ | ৪১৪৭৩.৩৬ | | - |
| মোট | ১৩১১৭.৬২ | ৬৪৪৬৩.৬৭ | ৪৬.০২% | ৩১.১৭ % |

## ৩.০ আলোচনা

এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে চলমান প্রকল্পসমূহের মধ্যে ২০টি প্রকল্পের প্রকল্পভিত্তিক ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত সময়ের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করেন এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণের বক্তব্য আহ্বান করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র:নং: | প্রকল্পের নাম: খুলনা হতে মংলা পোর্ট পর্যন্ত রেলপথ নির্মাণ (৩য় সংশোধিত)। |
|---|---|
| ০১ | আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৯৩.২৯% ও ভৌত অগ্রগতি ৯৯.৪০%। প্রকল্প পরিচালক বলেন, আরএডিপিতে বৈদেশিক অর্থায়নের অংশ ব্যয় হবে তবে সরকারি অর্থায়নের (জিওবি) অংশ হতে ৬/৭ কোটি টাকা সাশ্রয় হবে। বাস্তবায়ন কাজ শেষ পর্যায়ে এবং প্রাথমিক ট্রায়াল রান করা হয়েছে। সভাপতি বলেন, চূড়ান্ত ট্রায়াল রান আনুষ্ঠানিকভাবে করতে হবে। এ সময় ভারতীয় কর্তৃপক্ষের উপস্থিতির বিষয়ে ব্যবস্থা নেওয়া সমীচীন হবে। কন্টেইনার গুডস এর জন্য মংলা লাইন করা হয়েছে। গুডস সার্ভিস চালু না করলে লাভজনক হবে না। এ অংশে কন্টেইনার ট্রেন চালুর ব্যবস্থা করা প্রয়োজন। |

| | |
|---|---|
| | সিদ্ধান্ত:<br>(ক) আরএডিপি হতে সরকারি অর্থায়নের প্রয়োজনীয় অর্থ রেখে অতিরিক্ত অর্থ পুনঃউপযোজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়কে অবহিত রেখে আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত ট্রায়াল রান করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০২ | প্রকল্পের নাম: ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৭৫.২০% ও ভৌত অগ্রগতি ৯২.০২%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি জুন/২০২৪ এ সমাপ্ত হবে। এ প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক বার বৃদ্ধি করা হয়েছিল। প্রকল্পের সকল কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। সভাপতি বলেন, প্রকল্পটির সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যেই শেষ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: প্রকল্পের সকল কার্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৩ | বাংলাদেশ রেলওয়ের ১০০টি মিটারগেজ যাত্রীবাহ ক্যারেজ পুনর্বাসন (২য় পর্যায়)। (১ম সংশোধিত)<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৪৯.১০% ও ভৌত অগ্রগতি ৭১.০০%। প্রকল্প পরিচালক বলেন, দুই বার প্রকল্প পরিচালক পরিবর্তন হওয়ায় এ প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়। ইতোমধ্যে ১০০টির মধ্যে ৭১টি ক্যারেজ যাত্রী সেবায় সংযুক্ত হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, টেন্ডার প্রক্রিয়ায় দেরী হওয়ায় পাওয়ার কারের ইঞ্জিন ক্রয়ের অংশ বাদ দেয়া হয়েছে। ডিপিপি অনুযায়ী ০৫টি পাওয়ার কার পরিবর্তন করে লোকাল পার্টস দিয়ে মেরামত করা সম্ভব, ডিপিপির সংস্থান অনুযায়ী এমন ০৫ টি কার অন্তর্ভুক্ত করে টার্গেট পূরণ করা যেতে পারে এবং প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) ০৫টি পাওয়ার কারের ইঞ্জিন এর পরিবর্তে ডিপিপির সংস্থান অনুযায়ী অন্য ক্যাটাগরির ০৫টি কোচ মেরামতের জন্য অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br>(খ) জুন, ২০২৪ এ প্রকল্প সমাপ্ত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৪ | আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ নির্মাণ (বাংলাদেশ অংশ)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৪৩.১৩% ও ভৌত অগ্রগতি ৯৬.০০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের দুইটি কাজের ভ্যারিয়েশন প্রস্তাব করা হয়েছে। অন্যান্য সকল কাজ শেষ হয়েছে। প্রকল্পটি জুন, ২০২৪ এ সমাপ্তির জন্য নির্ধারিত। সভাপতি যথাসময়ে প্রকল্পটি সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) ভ্যারিয়েশন প্রস্তাব অনুমোদনের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) জুন, ২০২৪ এ প্রকল্প সমাপ্ত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৫ | রাজবাড়ীতে একটি নতুন ক্যারেজ মেরামত কারখানা নির্মাণের জন্য বিশদ নক্সা ও দরপত্র দলিল তৈরিসহ সম্ভাব্যতা সমীক্ষা।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৫২.৮০% ও ভৌত অগ্রগতি ০.০০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত। সম্ভাব্যতা সমীক্ষার কাজ সম্পন্ন হয়েছে। ডিটেইল ডিজাইন এর ওপর এপ্রিল, ২০২৪ এ একটি ওয়ার্কশপ |

| | |
|---|---|
| | অনুষ্ঠিত হবে। প্রকল্পটির সংশোধনের লক্ষ্যে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত ডিপিইসি সভা অনুযায়ী ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভবিষ্যতে প্রকল্প অর্থায়নের বিষয়ে পিডিপিপি প্রণয়ন করতে হবে। সভাপতি বলেন, প্রকল্পটি নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: ডিপিইসি সভা অনুযায়ী ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভবিষ্যতে প্রকল্প অর্থায়নের বিষয়ে পিডিপিপি প্রণয়ন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৬ | প্রকল্পের নাম: পদ্মা সেতু রেল সংযোগ (১ম সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৭৯.৬২% ও ভৌত অগ্রগতি ৮৮.৫০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের ঋণ চুক্তির মেয়াদ মে, ২০২৪ এ শেষ হয়ে যাবে, ঋণচুক্তির মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। এ বিষয়ে ইআরডি-এর মাধ্যমে পত্র দেওয়া হয়েছে। এখনও Exim Bank, China এর সম্মতি পাওয়া যায়নি। প্রকল্প পরিচালক আরও বলেন, চুক্তিমূল্য অপরিবর্তিত রেখে বিভিন্ন অঙ্গের ব্যয় সমন্বয়ের বিষয়ে Exim Bank, China হতে সম্মতি না পাওয়ায় ঠিকাদারের বিল পরিশোধ করা যায়নি। জমি অধিগ্রহণে ২৬০ কোটি টাকা বরাদ্দ আছে। এখনও প্রাক্কলন পাওয়া যায়নি। প্রাক্কলন পাওয়া না গেলে এ খাতের বরাদ্দ হতে অর্থ ব্যয় হবে না। বিস্তারিত আলোচনান্তে সময়মত কাজ শেষ করার জন্য চুক্তি অনুযায়ী প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবে; চুক্তিমূল্য অপরিবর্তিত রেখে বিভিন্ন অঙ্গের মধ্যে ব্যয় সমন্বয় এবং ব্যয়ের ব্যাপারে Exim Bank, China এর সম্মতি গ্রহণ; Loan Availabilty Period বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) অতিরিক্ত কাজ সম্পাদনের জন্য চুক্তিমূল্য অপরিবর্তিত রেখে বিভিন্ন অঙ্গের মধ্যে ব্যয় সমন্বয় এবং ব্যয়ের বিষয়ে Exim Bank, China এর সম্মতি গ্রহণের বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;<br>(খ) সময়মত প্রকল্পের কাজ শেষ করার জন্য ঠিকাদারকে পত্র দিতে হবে;<br>(গ) Loan Availabilty Period বৃদ্ধির বিষয়ে ERD (ইআরডি) ও Exim Bank, China এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(ঘ) জমি অধিগ্রহণের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে মুন্সিগঞ্জের জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৭ | প্রকল্পের নাম: বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৫৯.১৮% ও ভৌত অগ্রগতি ৮০.০০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের প্যাকেজ WD-1 অংশে গ্যাস পাইপ লাইন স্থাপনের বিষয়ে দুই ঠিকাদারের মধ্যে MoU করা হয়েছে। WD-2 অংশে গ্যাস পাইপ লাইন স্থাপনের জন্য MoU করার কাজটি প্রক্রিয়াধীন রয়েছে। মিউজিয়ামের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। আমদানিকৃত রেল পোর্ট থেকে খালাস করা হয়েছে। নদী শাসনের কাজ চলমান। সেতুতে গ্যাস লাইন স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে একটি MoU করতে হবে এবং গ্যাস লাইন স্থাপনের জন্য বার্ষিক ফি নেওয়ার ব্যবস্থা করতে হবে। সকল কার্যক্রম ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে সম্পন্ন করে সেতুর নির্মাণ কাজ শেষ হবে মর্মে প্রকল্প পরিচালক জানান।<br><br>সিদ্ধান্ত: সেতুতে গ্যাস লাইন স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে একটি MoU করতে হবে এবং গ্যাস লাইন স্থাপনের জন্য বার্ষিক ফি নেওয়ার ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৮ | প্রকল্পের নাম: দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার এবং রামু হতে মায়ানমারের নিকটে গুনদুম পর্যন্ত সিঙ্গেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণ। (১ম সংশোধিত)<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৪৭.২৮% ও ভৌত অগ্রগতি ৯৪.০০%। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের কাজ জুন, ২০২৪ এর মধ্যেই সম্পন্ন হবে। কিন্তু আমাদের চুক্তি |

| | |
|---|---|
| | অনুযায়ী এক বছর Defect Liability Period রয়েছে। ০৬ তলা স্টেশন ভবনের নীচতলা ও দ্বিতীয় তলার অর্ধেক অংশ স্টেশনের কাজে ব্যবহার হবে এবং দ্বিতীয় তলার বাকি অংশ ও তৃতীয় হতে ষষ্ঠ তলা পর্যন্ত বাণিজ্যিক কাজে ব্যবহার করা হবে। গেস্ট হাউজের টাইলস, পানির লাইন ও ওভারহেড ট্যাংক ইত্যাদি কাজ শেষ হয়েছে। ফার্নিচার সংগ্রহ কাজ চলমান। ভবনটি পরিচালনার জন্য ২২৭ জন জনবল প্রয়োজন। মে, ২০২৪ মাসের শেষ দিকে ভবনটি ব্যবহার উপযোগী হবে। ভবনে ফুডকোর্ট ৩৫ টি, ডরমিটরি, লাগেজ রাখার ব্যবস্থা থাকবে এবং দোকান থাকবে। ভবনটি পরিচালনার জন্য আন্তর্জাতিক টেন্ডার করা হবে। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে আরও প্রায় ০২ মাস সময় লাগবে। DLP সহ প্রকল্পের মেয়াদ জুন, ২০২৫ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সভায় ঐকমত্য হয়।<br><br>সিদ্ধান্ত: ডিএলপিসহ প্রকল্পের মেয়াদ জুন, ২০২৫ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ০৯ | প্রকল্পের নাম: ঢাকা-নারায়ণগঞ্জ সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ (১ম সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৩৫.৯২% ও ভৌত অগ্রগতি ৪৭.৫০%। প্রকল্পটি ০৪ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, নির্মাণ ঠিকাদার কোন কাজ করছে না। মূল ঠিকাদার কাজ রেখে চলে গেছে। Signaling Package এর ঠিকাদার ক্ষতিপূরণ দাবী করছে, তা না দিলে কাজ বন্ধ করার কথা জানিয়েছে। এপ্রিল, ২০২৩ মাসে প্রকল্পটি সংশোধন করা হয়েছে এবং নভেম্বর, ২০২৩ মাসে বিড ডকুমেন্ট তৈরি করা হয়েছে। প্রকল্পের ওয়ার্কস প্যাকেজ WD-1 এর অসমাপ্ত কাজসহ নতুন প্যাকেজ WD-3 এর দরপত্র ০৮.০২.২০২৪ তারিখে আহ্বান করা হয়েছে এবং দাখিলকৃত দরপত্রের মূল্যায়ন কাজ চলমান আছে। প্রকল্প পরিচালক আরও বলেন WD-3 এর টেকনিক্যাল কমিটির মূল্যায়ন সভায় লক্ষ্য করা হয় কোন দরদাতা Source উল্লেখ করেননি। সভাপতি টেকনিক্যাল কমিটির পরবর্তী সভার পূর্বে Source Mention না করলে টেন্ডার বাতিল করা যেতে পারে উল্লেখ করেন।<br><br>সিদ্ধান্ত:<br><br>(ক) ৩০শে এপ্রিল এর মধ্যে মূল্যায়ন শেষ করতে হবে।<br>(খ) টেকনিক্যাল কমিটির পরবর্তী সভার পূর্বে Source এর বিষয়ে তথ্য পাওয়া না গেলে টেন্ডার বাতিল করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১০ | প্রকল্পের নাম: বাংলাদেশ রেলওয়ের জন্য ২০০ ব্রডগেজ (বিজি) প্যাসেঞ্জার ক্যারেজ সংগ্রহ।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ০.০২% ও ভৌত অগ্রগতি ০.০০%। প্রকল্প পরিচালক বলেন, আলোচ্য প্রকল্পের বিপরীতে ২০০টি বিজি ক্যারেজ সংগ্রহের নিমিত্ত আহ্বানকৃত দরপত্র চূড়ান্তকরণের জন্য ক্রয় প্রস্তাব ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) প্রেরণ করা হয়েছে। CCGP কর্তৃক ক্রয় প্রস্তাব অনুমোদিত হলে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হবে। তিনি আরও বলেন, ঋণ চুক্তি অনুযায়ী প্রকল্প ঋণ RPA হবে, যা ভুলক্রমে DPA হিসেবে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে পরিকল্পনা কমিশনে পত্র দেওয়া হলে ভবিষ্যতে ডিপিপি সংশোধনের শর্তে সম্মতি প্রদান করে। এ পর্যায়ে AMS এ প্রকল্প ঋণ যথাযথভাবে প্রতিফলনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: AMS এ প্রকল্প ঋণ যথাযথভাবে প্রতিফলনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১১ | প্রকল্পের নাম: বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন উন্নয়ন (রোলিং স্টক সংগ্রহ)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৫১.১৩% ও ভৌত অগ্রগতি ৮০.০০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির ০৪টি প্যাকেজের মধ্যে প্যাকেজ-১ এর আওতায় ৪০টি ব্রডগেজ লোকোমোটিভ এর মধ্যে ৪০টি (১০০%), প্যাকেজ-২ এর আওতায় ৭৫টি মিটারগেজ লাগেজ ভ্যানের মধ্যে |

| | |
|---|---|
| | ৭৫টি (১০০%), প্যাকেজ-৩ এর আওতায় ৫০টি ব্রডগেজ লাগেজ ভ্যানের মধ্যে ৫০টি (১০০%), প্যাকেজ-৪ এর আওতায় ৫৮০টি মিটারগেজ ওয়াগন এর মধ্যে ৫৮০টি (১০০%) সংগ্রহ করা হয়েছে। এছাড়া, প্যাকেজ-৫ পুন:টেন্ডার হওয়ার ফলে ডিসেম্বর, ২০২২ সালে চুক্তি হয়েছে। চুক্তির ১২ মাস পর থেকে ডেলিভারির সময় নির্ধারিত থাকায় বর্তমানে ৪২০ টি ব্রডগেজ ওয়াগন এর মধ্যে ৩১ টি সংগ্রহ করা হয়েছে এবং আগস্ট, ২০২৪ পর্যন্ত সময়ের মধ্যে সরবরাহ সম্পন্ন হবে। প্রকল্পটির অনুকূলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। ইতোমধ্যে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আইএমইডি এবং পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। কমিশনিংসহ ডিসেম্বর, ২০২৪ এ প্রকল্পটি শেষ হবে। RADP তে বরাদ্দকৃত অর্থ ব্যয় হবে। প্রকল্পের একটি স্টাডি প্যাকেজ আছে - চলতি মাসে চুক্তির মেয়াদ শেষ হবে। স্টাডিতে কেউ না গেলেও চুক্তি মোতাবেক অর্থ পরিশোধ করতে হবে। সভাপতি বলেন, LM দের বিদেশে প্রশিক্ষণ দেওয়া হয়না। তাদের বিদেশেও প্রশিক্ষণ প্রয়োজন। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এ বিষয়টি DPP তে অন্তর্ভুক্তির ব্যবস্থা রাখতে হবে। LM দের বৈদেশিক ও স্থানীয় উভয় ট্রেনিং প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক আইএমইডি ও পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করবেন;<br>(খ) প্যাকেজ-৫ এর আওতায় ব্রডগেজ ওয়াগন সংগ্রহ যথাসময়ে শেষ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১২ | প্রকল্পের নাম: বাংলাদেশ রেলওয়ের জন্য ২০টি মিটারগেজ লোকোমোটিভ এবং ১৫০টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ সংগ্রহ।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৯২.৮৩% ও ভৌত অগ্রগতি ৯৮.০০%। প্রকল্প পরিচালক বলেন, ২০টি মিটারগেজ লোকোমোটিভ ও ১৪৭টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ সংগ্রহ করা হয়েছে। অতিরিক্ত ৩৫টি এমজি যাত্রীবাহী ক্যারেজ সংগ্রহের জন্য ক্রয় প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ২৮.০৩.২০২৪ তারিখে ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদন হয়েছে। ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: দ্রুত ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১৩ | বাংলাদেশ রেলওয়ের কুলাউড়া-শাহবাজপুর সেকশনের পুনর্বাসন (১ম সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ২৫.২৮% ও ভৌত অগ্রগতি ৩২.৫০%। প্রকল্প পরিচালক বলেন, WD-1 প্যাকেজের আওতায় ট্র্যাক, স্টেশন ভবন ও সেতু নির্মাণের কাজ চলমান রয়েছে। মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধন করা প্রয়োজন। RADP তে বরাদ্দকৃত টাকা ব্যয় হয়েছে। জিওবি খাতে আরও প্রায় ২৪ কোটি এবং পিএল খাতে প্রায় ৮১ কোটি টাকা ম্যাচিং ফান্ড প্রয়োজন হবে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) দ্রুত মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(খ) পুনঃউপযোজনের মাধ্যমে অতিরিক্ত অর্থের সংস্থান করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১৪ | বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনের ৩য় ও ৪র্থ ডুয়েল গেজ লাইন এবং টঙ্গী- জয়দেবপুর সেকশনে ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ (২য় সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ২৯.১১% ও ভৌত অগ্রগতি ৩৩.৫০%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্প এলাকায় Express way এর মালামাল থাকায় এবং সিটি কর্পোরেশনের জায়গা সংক্রান্ত জটিলতায় কাজের অগ্রগতি সম্ভব হচ্ছে না। প্রকল্প পরিচালক আরও বলেন, কাজের ভেরিয়েশন এর বিষয়ে Exim Bank of India হতে কোন মতামত না পাওয়ায় ক্রয় কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। চলতি সংশোধিত অর্থবছরের সরকারি অর্থ হতে ১০ কোটি এবং বৈদেশিক অর্থ হতে ১২ কোটি ব্যয় করা সম্ভব হবে না। |

| | |
|---|---|
| | সিদ্ধান্ত:<br>(ক) সিটি কর্পোরেশন ও সড়ক বিভাগের সাথে সভা করে প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।<br>(খ) পুনঃউপযোজন করে সংশোধিত অর্থবছরের অর্থ বরাদ্দ নির্ধারণ করতে হবে।<br>(গ) Exim Bank of India/ভারতীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১৫ | প্রকল্পের নাম: মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৪৫.৪৮% ও ভৌত অগ্রগতি ৪৮.৪৯%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের দুইটি প্যাকেজের মধ্যে প্যাকেজ WD-1(ট্র্যাক নির্মাণ) এর বিপরীতে ৩০৮২.০০ মেট্রিক টন রেল সরবরাহ করা হয়েছে। এমব্যাংকমেন্ট, PSC Sleeper সরবরাহ ও Ballast সরবরাহ চলমান। প্যাকেজ WD-2 (সেতু নির্মাণ) এর পাইলিং, পিয়ার, গার্ডার নির্মাণসহ ও নদী শাসনের কাজ চলমান। ২টি নতুন স্টেশন নির্মাণের (কামারখালী ও মাগুরা) কাজ চলমান, ২৭টি মাইনর সেতু ও কালভার্ট নির্মাণ (১৪টি সম্পন্ন, ১৩টির কাজ চলমান) কাজ চলমান রয়েছে। মাগুরা অংশে জমির ক্ষতিপূরণের টাকা দ্রুত পরিশোধ করে জমি বুঝে নেওয়ার লক্ষ্যে জেলা প্রশাসককে পত্র প্রেরণ করতে হবে। বর্ষা মৌসুমে প্রকল্পের কাজের যেন বিঘ্ন না ঘটে সেভাবে Work Plan তৈরি করে বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে বাস্তব অগ্রগতি বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) জেলা প্রশাসককে জমির ক্ষতিপূরণের অর্থ দিয়ে দ্রুত জমি বুঝে নিতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসককে পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) বাস্তবায়ন কাজের work plan করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ১৬ | প্রকল্পের নাম: বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৯৪.৭০% ও ভৌত অগ্রগতি ১০০.০০%। প্রকল্প পরিচালক বলেন, জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়নি। জনবল নিয়োগ না হলে মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্প সংশোধন করতে হবে।<br><br>সিদ্ধান্ত: জুন, ২০২৪ এর মধ্যে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ মন্ত্রণালয়। |
| ১৭ | প্রকল্পের নাম: বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (৩য় সংশোধিত)।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৯৩.১১% ও ভৌত অগ্রগতি ১০০.০০%। প্রকল্প পরিচালক বলেন, জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়নি। জনবল নিয়োগ না হলে মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্প সংশোধন করতে হবে।<br><br>সিদ্ধান্ত: জুন, ২০২৪ এর মধ্যে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ মন্ত্রণালয়। |
| ১৮ | বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের ঈশ্বরদী-পার্বতীপুর সেকশনের স্টেশন সমূহের সিগন্যালিং ও ইন্টারলকিং ব্যবস্থার প্রতিস্থাপন ও আধুনিকীকরণ।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের কোন আর্থিক অগ্রগতি হয়নি। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির আওতায় EoI আহ্বান করা হয়েছে। সভাপতি প্রকল্প বাস্তবায়নে অগ্রগতি না হওয়ার কারণ লিখিতভাবে ব্যাখ্যাসহ মন্ত্রণালয়কে অবহিত করতে বলেন। |

| | |
|---|---|
| | সিদ্ধান্ত: প্রকল্পটি অনুমোদনের পর থেকে আট মাস অতিক্রান্ত হলেও প্রকল্প পরিচালক কেন টেন্ডার প্রক্রিয়াকরণ সম্পন্ন করতে পারেননি তার লিখিত ব্যাখ্যা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ মন্ত্রণালয়। |
| ১৯ | ২০২২ সালের বন্যায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশ রেলওয়ের সিলেট-ছাতকবাজার সেকশন (মিটারগেজ) পুনর্বাসন।<br><br>আলোচনা: এপ্রিল, ২০২৩ এ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের কোন আর্থিক অগ্রগতি হয়নি। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির আওতায় EoI আহ্বান করা হয়েছে। কারিগরি মূল্যায়ন হয়েছে। ADB'র সম্মতির জন্য পাঠানো হয়েছে। এখনো সম্মতি পাওয়া যায়নি। অগ্রগতি না হওয়ায় প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সভাপতি প্রকল্প পরিচালককে লিখিতভাবে জানাতে বলেন।<br><br>সিদ্ধান্ত: প্রকল্পটি অনুমোদনের পর থেকে সাড়ে দশ মাস অতিক্রান্ত হলেও প্রকল্প পরিচালক কেন টেন্ডার প্রক্রিয়াকরণ সম্পন্ন করতে পারেননি তার লিখিত ব্যাখ্যা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |
| ২০ | বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের জন্য ৫০টি বিজি এবং ৫০টি এমজি যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন।<br><br>আলোচনা: ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্পের কোন আর্থিক অগ্রগতি হয়নি। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি সংশোধিত অর্থবছরে বাজেট প্রাপ্ত হয়। মোট ৫৯টি লটের মধ্যে ১৬টি লটের টেন্ডার করা হয়। এর মধ্যে ৮টি মূল্যায়ন চলছে।<br><br>সিদ্ধান্ত: দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে। |

## ৪.০ সার্বিক আলোচনা

পরিশেষে সভাপতি বলেন, বর্তমান সরকার রেল সেক্টরের উন্নয়নে গুরুত্বারোপ করেছে। রেলকে নিজের প্রতিষ্ঠান মনে করে নিজ নিজ দায়িত্ব সুচারুরূপে পালন করতে হবে। একত্রে চেষ্টা করে এ প্রতিষ্ঠানকে লাভজনক হিসেবে গড়ে তুলতে হবে। সময় ক্ষেপন না করে বাস্তবায়ন কাজ দ্রুততার সাথে শুরু করে নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্ত করতে হবে। প্রাপ্ত বরাদ্দের শতভাগ ব্যবহার করতে হবে। তিনি আরও বলেন যে, কতিপয় কর্মকান্ড যেমন, ঘন ঘন প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের সংশোধন, দীর্ঘদিন যাবৎ প্রকল্প চলমান রাখা, LoC প্রকল্প বাস্তবায়নে অস্বাভাবিক বিলম্ব, ক্রয় কার্যক্রমে বিলম্ব ইত্যাদি কারণে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেলে এবং সময় মতো প্রকল্প কাজ সমাপ্ত না হলে দায় দায়িত্ব প্রকল্প পরিচালককে নিতে হবে।

৫.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৫/২৪

(মোঃ জিল্লুল হাকিম, এম.পি)
মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়

পরিশিষ্ট- 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-২ শাখা।
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত) পর্যালোচনার সভায় **০২.০৪.২০২৪ তারিখ (মঙ্গলবার) সকাল: ১১:৩০ টায় মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়**-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্রম | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. মো: হুমায়ুন কবীর | রেলপথ মন্ত্রণালয় | [signature] 2/4/2024 |
| ২. | মোহাম্মদ শওকত আলী চৌধুরী | রেলপথ মন্ত্রণালয় | [signature] 02/04/24 |
| ৩. | শাহ ইমাম আলী রেজা যুগ্মসচিব | রেলপথ মন্ত্রণালয় | [signature] 02/04/2024 |
| ৪. | মোঃ জিল্লুর রহমান উপসচিব | রেলপথ মন্ত্রণালয় | [signature] 02/4/24 |
| ৫. | মো: আলী কবীর উপসচিব | রেলপথ মন্ত্রণালয় | [signature] |
| ৬. | মো: মাহবুবুর রহমান উপসচিব | রেলপথ মন্ত্রণালয় | [signature] 02/4/2024 |
| ৭. | মোছা: সাবিনা ইয়াসমিন চৌধুরী অতি: সচিব | [illegible] মন্ত্রণালয় | [signature] |
| ৮. | মোহাম্মদ শহিদুল ইসলাম PS to Minister | রেলপথ | [signature] 02/04/24 |
| ৯. | মো: আশরাফুল ইসলাম PD, 200 BG Carriage | BR | [signature] 02/4/24 |

| | | | |
|---|---|---|---|
| ১০. | আবেদুর রহমান<br>পিডি- এলজিইডি ও ডিপিএইচই<br>সমন্বিত পুনর্বাসন | BR | [signature] 02/08/2028 |
| ১১. | মোঃ নাইমুল হক<br>প্রকল্প পরিচালক/সেকেন্ড<br>[illegible] | BR | [signature] 02/04/2024 |
| ১২. | মো: সুলতান আলী<br>প্রকল্প পরিচালক<br>কুলাউড়া শাহবাজপুর রেলপথ<br>পুনর্বাসন প্রকল্প | বি. আর | [signature] 02.04.2024 |
| ১৩. | সৈয়দ মোঃ শামিমুজ্জামান<br>প্রকল্প পরিচালক (যুগ্ম)<br>২০ মের্টার [illegible] প্রকল্প | B.R | [signature] 02.08.2028 |
| ১৪. | এম. এম. মনিরুজ্জামান<br>[illegible]<br>[illegible] | BR | [signature] 2.8.28 |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-২ শাখা।
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত) পর্যালোচনার সভায় **০২.০৪.২০২৪ তারিখ (মঙ্গলবার) সকাল: ১১:৩০ টায় মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়**-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্রম | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | সরদার সাহাদাত আলী<br>মহাপরিচালক/বাংরেল | ~~রেলপথ মন্ত্রণালয়~~<br>বাংলাদেশ রেলওয়ে | [signature] 02.4.24 |
| ২. | মোঃ আরিফুজ্জামান<br>PD & ADG(I) | BR | [signature] 02/4/2024 |
| ৩. | পার্থ সরকার<br>ADG (RS) | BR | [signature] 2/4/24 |
| ৪. | মোঃ আফজাল হোসেন<br>PD, PBRLP | BR | [signature] 02/4/2024 |
| ৫. | নাজনীন আরা কেয়া<br>প্রকল্প পরিচালক<br>ঢাকা-টঙ্গী ৩য় ও ৪র্থ লাইন | BR | [signature] 02.04.2024 |
| ৬. | আবু ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান<br>PD, BSMRBCP | BR | [signature] 2/4/24 |
| ৭. | [illegible] আলী<br>এস.এ.এস.ডি.এম/ প্রকল্প | বি. রেল | [signature] 02.04.2024 |
| ৮. | মোঃ বোরহান উদ্দিন<br>PD/RSP | BR | [signature] 02.04.2024 |
| ৯. | এস.এম. সলিমউদ্দীন<br>PD (EDCF) | BR | [signature] 2.4.24 |

| | | | |
|---|---|---|---|
| ১০. | মোঃ মুক্তাদীর<br>PD, DCRP | BR | [signature] ২/৪/২৪ |
| ১১. | মুহম্মদ আব্দুল কালাম চৌধুরী<br>PD. TAPP for Capacity Developement | BR | [signature] 2/4/24 |
| ১২. | মুহাম্মদ কুদরত-ই-খুদা<br>প্রকল্প পরিচালক<br>রাজবাড়ীতে একটি নতুন ক্যারেজ মেরামত কারখানা নির্মাণের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল ও সম্ভাব্যতা সমীক্ষা | BR | [signature] 02/04/2024 |
| ১৩. | মো: সেলিম রউফ<br>প্রকল্প পরিচালক - ঢাকা - নারায়ণগঞ্জ ডুয়েলগেজ লাইন প্রকল্প | BR | [signature] 02/4/2024 |
| ১৪. | মো: আসাদুল হক<br>প্রকল্প পরিচালক<br>মধুখালী - মাগুরা রেল লাইন নির্মাণ প্রকল্প | BR | [signature] 2.4.24 |
| ১৫. | মো: আবু জাফর মিঞা<br>প্রকল্প পরিচালক<br>আখাউড়া - লাকসাম ডুয়েল গেজ রেল সংযোগ নির্মাণ প্রকল্প | BR | [signature] 02.04.24 |
| ১৬. | মোহাম্মদ [illegible]<br>আরিফ<br>পরিচালক, প্রকৌশল | BR | [signature] 2/4/24 |
| ১৭. | মো: সোলায়মান [illegible]<br>প্রকল্প পরিচালক<br>জয়দেবপুর - ঈশ্বরদী ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ প্রকল্প | BR | [signature] 02.04.2024 |
| ১৮. | | | |
| ১৯. | | | |